**নাম: মো: তুহিন**

**জন্ম তারিখ: ২৯ ডিসেম্বর, ১৯৮৮**

**শহীদ হওয়ার তারিখ: ২০ জুলাই, ২০২৪**

**ব্যক্তিগত তথ্য:**

পেশা :রিক্সা চালক,
শাহাদাতের স্থান :চিটাগাং রোড, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ

## শহীদের জীবনী

শহীদ মো: ঢাকা জেলায় ১৯৮৮ সালের ২৯ ডিসেম্বর জন্মগ্রহণ করেন।পিতা মো: শহিদুল ইসলাম এবং মাতা: ময়না।স্ত্রীর নাম: আলেয়া আক্তার মিম।শহীদ তুহিন ঢাকা শহরে রিক্সা চালিয়ে জীবিকা নির্বাহ করতেন।ছোট্ট একটা বাসাতে ভাড়া থাকতেন।বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালীন সময়ে বিশে জুলাই বিকাল তিনটায় পুলিশ ও বিজিবির গুলিতে কপালে গুলিবিদ্ধ হয়ে ইন্তেকাল করেন।

শাহাদাতের প্রেক্ষাপট
বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কমপ্লিট শাটডাউন কর্মসূচির বিপরীতে সরকার সারা দেশে কারফিউ জারি করে।কারফিউ চলাকালীন সময়ে বাইরে বেরোনো যায় না এটা জানা সত্ত্বেও দিন আনি দিন খাওয়া মানুষেরা ঘরে আবদ্ধ থাকতে পারেন না।কেননা আয় করতে না পারলে সেদিনের খাওয়া বন্ধ।তাই শত বাধা-বিপত্তি অতিক্রম করে শ্রমজীবী মানুষ পেটের তাগিদে রাস্তায় বের হন।বৈষম্যবিরোধী আন্দোলন চলাকালীন সময়ে ২০ জুলাই ২০২৪ ইং তারিখে বিকাল ৩টায় রিক্সা চালক শহীদ তুহিন যাত্রী নিয়ে চিটাগাং রোডে যান।সেখান থেকে ফেরত আসার সময় ছাত্র-জনতার উপর পুলিশ ও বিজিবি এলোপাথাড়ি গুলি করে।হঠাৎ একটা গুলি তার কপালে এসে আঘাত করে।সাথে সাথে তিনি মাটিতে লুটিয়ে পড়ে মৃত্যু বরণ করেন।

শহীদের পরিবার সংক্রান্ত বিশেষ তথ্য
রিক্সা চালক শহীদ মোঃ তুহিনের জমিজমা, ভিটে বাড়ি কিংবা আয়ের অন্য কোনো উৎস নেই।পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি ছিলেন তিনি।ভূমিহীন তুহিন রিকশা চালিয়ে তিন সদস্য বিশিষ্ট পরিবারের নির্বাহ করতেন।ভাড়া বাড়িতে বসবাস করতেন।শহীদ তুহিনকে হারিয়ে পুরো পরিবার দিশেহারা।শহীদ তুহিনের পিতা-মাতাও বৃদ্ধ ও অসুস্থ।স্ত্রী ও মেয়ের বেঁচে থাকার জন্য পরিবারটির জন্য মাসিক সহায়তা, বসবাসের জন্য একটি বাড়ি এবং মেয়ের লেখাপড়ার জন্য আর্থিক সহায়তা প্রয়োজন।

ব্যক্তিগত প্রোফাইল
নাম : শহীদ মো: তুহিন
পিতার নাম : মো: শহিদুল ইসলাম
মাতার নাম : ময়না
স্ত্রীর নাম : আলেয়া আক্তার মিম
ছেলে-মেয়ে : এক মেয়ে নুসরাত (১০)
জন্ম তারিখ : ২৯ ডিসেম্বর ১৯৮৮
স্থায়ী ঠিকানা : গ্রাম: ১৬৪/এ খিলগাঁও, ইউনিয়ন: তিলপা পাড়া, থানা: খিলগাঁও, জেলা: ঢাকা
বর্তমান ঠিকানা : উত্তর রসুলবাদ, পাইনাদি, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ
আহত হওয়ার স্থান : চিটাগাং রোড, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ
আহত হওয়ার সময় কাল : ২০ জুলাই ২০২৪, বিকাল ৩টা
শহীদ হওয়ার সময় : ২০ জুলাই ২০২৪, বিকাল ৩টা, চিটাগাং রোড, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ
যাদের আঘাতে শহীদ : পুলিশ ও বিজিবি

প্রস্তাবনা
১. শহীদ পরিবারের জন্য একটি স্থায়ী আবাসন তৈরি করে দেওয়া
২. শহীদের পরিবারের জন্য নিয়মিত ভাতার ব্যবস্থা করা
৩. শহীদের ছোট মেয়ে সন্তানের পড়ালেখাসহ যাবতীয় খরচ নির্বাহ করা
৪. শহীদের বৃদ্ধ পিতামাতার চিকিৎসার ব্যয় বহন করা